# বীমা কর্পোরেশন আইন, ২০১৯ এর অধিকতর সংশোধনকল্পে প্রণীত অধ্যাদেশ

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্যসমূহ পূরণকল্পে, বীমা কর্পোরেশন আইন, ২০১৯, (২০১৯ সনের ০৮ নং আইন) এর অধিকতর সংশোধন সমীচীন; সেহেতু এতদ্দ্বারা নিম্নরূপ অধ্যাদেশ করা হইল:—

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন**।- (১) এই অধ্যাদেশ বীমা কর্পোরেশন (সংশোধন) অধ্যাদেশ, ২০২৫ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। **২০১৯ সনের ০৮ নং আইনের ধারা ৫ এর উপ-ধারা (১) এর সংশোধন**।- উপ-ধারা (১) এ '৩০০ (তিনশত)' এর পরিবর্তে '১০০০ (এক হাজার)' এবং '৩০ (ত্রিশ)' এর পরিবর্তে '৩০০ (তিনশত)' শব্দগুচ্ছ, সংখ্যা ও বন্ধনী প্রতিস্থাপিত হইবে।

৩। **২০১৯ সনের ০৮ নং আইনের ধারা ৫ এর উপ-ধারা (২) এর সংশোধন**।- উপ-ধারা (২) এ '১০০০ (এক হাজার)' এর পরিবর্তে '২৫০০ (দুই হাজার পাঁচশত)' এবং '৫০০ (পাঁচশত)' এর পরিবর্তে '১৫০০ (এক হাজার পাঁচশত)' শব্দগুচ্ছ, সংখ্যা ও বন্ধনী প্রতিস্থাপিত হইবে।

৪। **২০১৯ সনের ০৮ নং আইনের ধারা ৯ এর উপ-ধারা (১) এর (ঙ) এর সংশোধন**।- উপধারা (১) (ঙ) এর 'ঢাকা' এর পরিবর্তে 'পাবলিক' এবং 'সংশ্লিষ্ট' এর পরিবর্তে 'ব্যাংকিং এন্ড ইন্স্যুরেন্স' শব্দগুলো প্রতিস্থাপিত হইবে।

৫। **২০১৯ সনের ০৮ নং আইনের ধারা ৯ এর উপ-ধারা (১) এর (ছ) এর সংশোধন**।- উপধারা (১) (ছ) এ সরকার কর্তৃক এর পূর্বে 'কর্তৃপক্ষের সুপারিশক্রমে' শব্দগুচ্ছ সংযোজিত হইবে এবং 'বীমাবিদ' শব্দের পরিবর্তে 'ব্যক্তি' শব্দ প্রতিস্থাপিত হইবে।

৬। **২০১৯ সনের ০৮ নং আইনের ধারা ৯ এর উপ-ধারা (১) এর (ছ) এর পর নতুনভাবে (ছছ) সংযোজন**।-

(ছছ) কর্তৃপক্ষের সুপারিশক্রমে সরকার কর্তৃক মনোনীত বীমা বিষয়ে বিশেষজ্ঞ ২ (দুই) জন বীমাবিদ।

৭। **২০১৯ সনের ০৮ নং আইনের ধারা ৯ এর উপ-ধারা (৪) এর সংশোধন**।- **উপ-ধারা (৪)** এর কিংবা শব্দের পর 'চেয়াম্যান' শব্দের পরিবর্তে 'চেয়ারম্যান' শব্দটি প্রতিস্থাপিত হইবে।

৮। **২০১৯ সনের ০৮ নং আইনের ধারা ১০ এর উপ-ধারা (৪) এর সংশোধন**।- **উপ-ধারা (৪)** এর জন্য শব্দের **পর** 'অন্যূন ৫ (পাঁচ) জন' শব্দের পরিবর্তে 'সরকার কর্তৃক নিয়োগপ্রাপ্ত মোট' শব্দগুচ্ছ প্রতিস্থাপিত হইবে এবং 'পরিচালকের' শব্দের পরিবর্তে 'পরিচালকদের শতকরা ৫০ ভাগ ' শব্দগুচ্ছ প্রতিস্থাপিত হইবে।

৯। **২০১৯ সনের ০৮ নং আইনের ধারা ১৫ এর উপ-ধারা (১) এর সংশোধন**।- **উপ-ধারা (১)** এর সম্পদের অবচয় শব্দের পর ',' কমা এবং 'অনিষ্পন্ন দাবীর বিপরীতে সঞ্চিতি, কর্পোরেশনের সলভেন্সী মার্জিন সংরক্ষণ' শব্দগুচ্ছ সংযোজন হইবে।

১০। **২০১৯ সনের ০৮ নং আইনের ধারা ১৬ এর উপ-ধারা (১) এর সংশোধন**।- **উপ-ধারা (১)** এর ব্যাখ্যা এর পূর্বে ' অনুরূপভাবে বীমা পলিসির অধীনে উত্থাপিত দাবী সমূহের ক্ষেত্রে আনুপাতিক হারে বীমা কোম্পানি সমূহ দায় পরিশোধ করিবে। সাধারণ বীমা কর্পোরেশন সরকারি ব্যবসা আহরনের জন্য সরকার/বোর্ড কর্তৃক নির্দিষ্টকৃত ব্যবস্থাপনা খরচ বিয়োজন করিয়া বেসরকারী কোম্পানীর মধ্যে বন্টন করিবে,

তবে নিম্নবর্ণিত ক্ষেত্রে সাধারণ বীমা কর্পোরেশন কর্তৃক ১০০% (শতকরা একশত ভাগ) অবলিখনের বাধ্যবাধকতা সরকার শিথিল করিতে পারিবেঃ

(অ) সরকার বা কর্তৃপক্ষের অধীনে পরিচালিত প্রকল্পের আওতায় পরীক্ষামূলকভাবে চালুকৃত বীমা পরিকল্পে;

(আ) সরকারি কোনো সম্পত্তিতে বিদেশী অর্থায়ন সংশ্লিষ্ট থাকিলে এবং এইরূপ অর্থায়নের শর্ত হিসাবে আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন কোন ক্রেডিট রেটিং প্রতিষ্ঠান হতে নির্দিষ্ট মানের ক্রেডিট রেটিং রহিয়াছে এইরূপ বীমাকারী হইতে বীমা গ্রহণ করার বাধ্যবাধকতা আরোপিত হইলে এবং সেই সময়ে সাধারণ বীমা কর্পোরেশনের শর্তের বাধ্যবাধকতা অনুযায়ী ক্রেডিট রেটিং না থাকিলে' বাক্যসমূহ সংযোজিত হইবে'

30 SEP 2025



ড. এম আসলাম আলম
চেয়ারম্যান
বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

**১১। ২০১৯ সনের ০৮ নং আইনের ধারা ১৬ এর উপ-ধারা (১) এর সংশোধন।- উপ-ধারা (১)** এর ব্যাখ্যা এর (গ) এর শেষে 'তবে উপরে বর্ণিত 'ব্যবস্থাধীন বা নিয়ন্ত্রণ' এবং 'যৌথ নিয়ন্ত্রণ ও ব্যবস্থাপনা' বলিতে সরকার বা সরকার ও স্থানীয় কর্তৃপক্ষের ৫০% (শতকরা পঞ্চাশ ভাগ) এর অধিক মালিকানাকে বুঝাইবে ' বাক্যটি সংযোজিত হইবে।

**১২। ২০১৯ সনের ০৮ নং আইনের ধারা ১৬ এর উপ-ধারা (৩) এর সংশোধন।- উপ-ধারা (৩)** এ গণ্য হইবে শব্দের পর 'এবং উক্ত বীমা পলিসির জন্য প্রযোজ্য প্রিমিয়াম সাধারণ বীমা কর্পোরেশন কর্তৃক আদায়যোগ্য হইবে।' শব্দগুচ্ছ সংযোজিত হইবে।

**১৩। ২০১৯ সনের ০৮ নং আইনের ধারা ১৭ এর বিয়োজন।-** ধারা ১৭ এর বিয়োজন হইবে।

**১৪। ২০১৯ সনের ০৮ নং আইনের ধারা ১৮ এর সংশোধন।-**

(ক) কোন বীমাকারী ধারা শব্দের পর '১৭' এর পরিবর্তে '১৬' প্রতিস্থাপিত হইবে;

(খ) বীমাকারীর উপর শব্দের পর 'প্রতি ঝুঁকির জন্য' শব্দগুচ্ছ সংযোজিত হইবে;

(গ) অন্যূন শব্দের পর '৫ (পাঁচ)' এর পরিবর্তে '২ (দুই)' শব্দ, সংখ্যা ও বন্ধনী প্রতিস্থাপিত হইবে।

**১৫। ২০১৯ সনের ০৮ নং আইনের ধারা ২৭ এর উপ-ধারা (১) এর সংশোধন।- উপ-ধারা (১)** এর **কর্পোরেশন,** শব্দের পর 'সরকার' শব্দের পরিবর্তে 'কর্তৃপক্ষ' শব্দ প্রতিস্থাপিত হইবে।

**১৬। ২০১৯ সনের ০৮ নং আইনের ধারা ২৭ এর উপ-ধারা (২) এর সংশোধন।- উপ-ধারা (২)** এর যদি না শব্দের পর 'সরকার' শব্দের পরিবর্তে 'কর্তৃপক্ষ' শব্দ প্রতিস্থাপিত হইবে।

**১৭। ২০১৯ সনের ০৮ নং আইনের ধারা ২৮ এর উপ-ধারা (৩) এর সংশোধন।- উপ-ধারা (৩)** এর "পেশাদার একাউন্টেন্ট" শব্দের পর 'সরকার' শব্দের পরিবর্তে 'বোর্ড' শব্দ প্রতিস্থাপিত হইবে।

30 SEP 2025

ড. এম আসলাম আলম
চেয়ারম্যান
বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ